# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪১০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৯৮]

১০. কিতাবুল আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ ইমাম ও মুক্তাদী মিলে যখন নামাযী মাত্র দু'জন হবে তখন মুক্তাদী ইমামের ডান দিকে দাঁড়াবে

باب يَقُومُ عَنْ يَمِينِ الإِمَامِ، بِحِذَائِهِ سَوَاءً إِذَا كَانَا اثْنَيْنِ

আরবী

- عَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّه عَنْهمَا حديث مبيته في بيت خالته قد تقدم وفي هذه الرواية قال: ثُمَّ نَامَ حَتَّى نَفَخَ وَكَانَ إِذَا نَامَ نَفَخَ، ثُمَّ أَتَاهُ الْمُؤَذِّنُ فَخرَجَ فَصَلَّى وَلَمْ يَتَوَضَّأْ. (بخارى:)

বাংলা

৪১০) আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) হতে তাঁর খালা মাইমুনার ঘরে রাত্রি যাপনের হাদীছটি পূর্বে অতিক্রান্ত হয়েছে। এখানে এতটুকু অতিরিক্ত বর্ণিত হয়েছে যে অতঃপর তিনি এমন গভীর নিদ্রামগ্ন হলেন যে তাঁর নাক ডাকার আওয়াজ শুনা গেল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন ঘুমাতেন তখন তাঁর নাক থেকে আওয়াজ বের হত। অতঃপর তাঁর কাছে মুআয্যিন আগমণ করলেন। তিনি মসজিদে গিয়ে নামায পড়লেন কিন্তু অযু করলেন না।

টিকাঃ হাদীছটির বিস্তারিত বিবরণ পুনরায় উল্লেখ করা হল। আব্দুল্লাহ্ ইবনে আব্বাস (রাঃ) বলেনঃ একদা আমি আমার খালা মায়মূনা বিনতে হারেছের বাড়ীতে রাত্রি যাপন করলাম। তিনি ছিলেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্ত্রী। সে রাত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার খালার ঘরেই ছিলেন। ইশার নামায আদায় করে ঘরে ফিরে তিনি চার রাকআত নামায পড়ে নিদ্রা গেলেন। তারপর ঘুম থেকে উঠে বললেনঃ ছোট শিশুটি কি ঘুমিয়েছে? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই কথাটি বললেন অথবা অনুরূপ একটি বাক্য বললেন। তারপর তিনি নামাযে দাঁড়িয়ে গেলেন। ইবনে আব্বাস বলেনঃ আমিও তাঁর বাম পাশে দাঁড়িয়ে গেলাম। তিনি আমাকে বাম দিক থেকে ডান দিকে নিয়ে আসলেন। তিনি পাঁচ রাকআত নামায পড়লেন। পরে আরও দু'রাকআত পড়লেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89708

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন